বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
শৃঙ্খলা শাখা, মানব সম্পদ বিভাগ
www.caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২২১.৫০.০১৫০.১৫.২০৫

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ অহিদুর রহমান, নিরাপত্তা প্রহরী (সাময়িক বরখাস্তকৃত), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, গত ০৯/০২/২০২৫ তারিখ আনুমানিক রাত ০১:৩০ ঘটিকায় বিমানবন্দরের গ্রিন চ্যানেল অতিক্রমকালে সন্দেহজনক আচরণের কারণে গোয়েন্দা সংস্থা কর্তৃক আটক হন। পরবর্তীতে কাস্টমস কর্মকর্তাদের উপস্থিতিতে তাঁর দেহ তল্লাশি করে ০৩ (তিন)টি স্বর্ণবার, ০৭ (সাত)টি ভাঙা চুড়ি, ০৩ (তিন)টি নেকলেস ও ০১ (এক)টি আংটিসহ মোট ৫৪২ (পাঁচশত বিয়াল্লিশ) গ্রাম স্বর্ণ ও স্বর্ণালংকার এবং ১,২৫০ (এক হাজার দুইশত পঞ্চাশ) সৌদি রিয়াল উদ্ধার করা হয়। পরবর্তীতে কাস্টমস কর্তৃপক্ষ তাঁকে আটকপূর্বক বিমানবন্দর থানায় সোপর্দ করে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা রুজু করা হয়;

২.০ যেহেতু, স্বর্ণ চোরাচালানের অভিযোগে গ্রেফতার হওয়া এবং বিমানবন্দরের নিরাপত্তা বিধি লঙ্ঘন করে এহেন কর্মকাণ্ডে জড়িত থাকার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৫৫(৪) মোতাবেক গ্রেফতারের তারিখ ০৯/০২/২০২৫ হতে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। তাঁর এহেন কার্যকলাপ একই প্রবিধানমালার প্রবিধি ৪৯(ক) ও ৪৯(খ) অনুযায়ী যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় স্মারক নং-৩০.৩১.০০০০.০০০.২২১.৫০.০১৫০.১৫.২২, তারিখ: ২৪/০৩/২০২৫ মূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৪/২০২৫ রুজু করা হয়;

৩.০ যেহেতু, তিনি কারাগার হতে জামিনে মুক্তিলাভের পর বিভাগীয় মামলার অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করলে গত ১৪/০৮/২০২৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিঅন্তে অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গৃহীত হলে জনাব মোঃ সেলিম মিয়া, সিনিয়র অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৪.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ২১/০৫/২০২৬ তারিখ সংশোধিত তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং উক্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কেন তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড অথবা অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে গত ৩০/০৬/২০২৬ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে তিনি গত ১৬/০৭/২০২৬ তারিখ লিখিত জবাব দাখিল করেন; এবং

৫.০ যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের দাখিলকৃত প্রথম জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সুস্পষ্ট মতামত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত জবাব এবং সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তাঁর বিরুদ্ধে আনীত 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'অসদাচরণ'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রমাণিত হয়েছে। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবে তিনি ফৌজদারি মামলা বিচারাধীন থাকা, জামিনে মুক্তিলাভ এবং কোনো আদালত কর্তৃক দোষী সাব্যস্ত না হওয়ার বিষয় উল্লেখ করে চাকরিতে পুনর্বহাল অথবা ফৌজদারি মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করার আবেদন জানালেও মূল বিভাগীয় অভিযোগ খণ্ডনের

মতো কোনো গ্রহণযোগ্য যুক্তি বা নতুন প্রমাণ উপস্থাপন করতে পারেননি। তদুপরি, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৫৯(১) অনুযায়ী একই বিষয়ে ফৌজদারি মামলা আদালতে বিচারাধীন থাকলেও বিভাগীয় মামলা নিষ্পত্তিতে কোনো বাধা নেই;

৬.০ সেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ অহিদুর রহমান, নিরাপত্তা প্রহরী (সাময়িক বরখাস্তকৃত), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(ক) ও ৪৯(খ) অনুযায়ী যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" ও "অসদাচরণ"-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব, অপরাধের প্রকৃতি এবং প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই প্রবিধানমালার প্রবিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তাঁর প্রতি **'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড** আরোপ করা হলো এবং বিভাগীয় মামলা নং-০৪/২০২৫ এতদ্দ্বারা নিষ্পত্তি করা হলো।

৭.০ এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

০১-১১-২০২৬
এস. এম. লাবলুর রহমান
সদস্য (প্রশাসন)
ফোন : +৮৮০ ২ ৪১০৯১০০৫
ফ্যাক্স : ...
ইমেইল : madmin@caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২২১.৫০.০১৫০.১৫.২০৫/১ (১৪)

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (নিরাপত্তা), সদস্য (নিরাপত্তা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (অ ফিস আদেশের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রশাসন বিভাগকে অবহিত করার জন্য)।
৩। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ) , পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদে শ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। পরিচালক (এভসেক পলিসি এন্ড সার্টিফিকেশন), সদস্য (নিরাপত্তা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃ পক্ষ।
৬। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭। পরিচালক (অর্থ) (চলতি দায়িত্ব), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৮। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৯। সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন(হশাআবি)-২, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব (হশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১১। উচ্চমান সহকারী, প্রশাসন ইউনিট-২, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১২। সহকারী সমন্বয় কর্মকর্তা, প্রশাসন স্টোর ইউনিট, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১৩। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন ইউনিট-১, সদর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপ ক্ষ।

১৪। জনাব মোঃ অহিদুর রহমান (পিতা-আঃ মালেক সরদার) নিরাপত্তা প্রহরী (চাকরি হতে বরখাস্তকৃত), প্রশাসন বিভাগ, সদর দপ্তর, সিএএবি, ঢাকা।-১২২৯। বর্তমান ঠিকানা: সিএএবি, ট্রান্সমিটার কলোনী, কুর্মিটোলা, ঢাকা। স্থায়ী ঠিকানা: গ্রাম-পূর্ব নিজ ড়া, ডাকঘর-বৌলতলী, থানা-গোপালগঞ্জ, জেলা-গোপালগঞ্জ। ফোন: 01719524913।





০১-১১-২০২৬
এস. এম. লাবলুর রহমান
সদস্য (প্রশাসন)